# কুমিল্লা সিটি কর্পোরেশন

নগর ভবন, কুমিল্লা

(cocc.portal.gov.bd)

## কুমিল্লা সিটি কর্পোরেশনের ৮৮তম সভার কার্যবিবরণী।

সভাপতি : আরফানুল হক রিফাত
মেয়র
কুমিল্লা সিটি কর্পোরেশন

তারিখ : ২৫/০৭/২০২৩খ্রি.

সময় : সকাল ১১.০০ঘটিকা

স্থান : সিটি কর্পোরেশনের অতীন্দ্র মোহন রায় সম্মেলন কক্ষ

উপস্থিত সদস্যদের নামের তালিকা: পরিশিষ্ট ‘ক’

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। সভাপতি উপস্থিত সংরক্ষিত আসনের সম্মানিত সকল কাউন্সিলর, সাধারণ আসনের সম্মানিত সকল কাউন্সিলর, সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। কুমিল্লা সিটি কর্পোরেশনে নবযোগদানকৃত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মো: ছামছুল আলম তাঁর পরিচয় প্রদান করে দায়িত্বপালনে সকলের সহযোগিতা কামনা করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম পরিচালনা করেন।

০২। আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:** প্রধান নির্বাহী কর্মকর্তা গত ২৯/০৫/২০২৩খ্রি. সভার কার্যবিবরণী বিস্তারিত পাঠ করে শুনান এবং কারো কোন আপত্তি/সংশোধনী আছে কিনা জানতে চান। সভার কার্যবিবরণী পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সভায় উপস্থাপন করা হয়। | ২৯/০৫/২০২৩খ্রি. সভার কার্যবিবরণীর বিষয়াদির ওপর কারো কোন আপত্তি বা সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়। | বিভাগ ও শাখা প্রধান(সকল) |
| ০২. | **বিগত সভার সিদ্ধান্তের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা:** প্রধান নির্বাহী কর্মকর্তা ২৯/০৫/২০২৩খ্রি. সভার সিদ্ধান্তের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। | সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন কার্যক্রমের জন্য সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং যে সকল সিদ্ধান্ত এখনও বাস্তবায়নাধীন ও প্রক্রিয়াধীন রয়েছে সেগুলো দ্রুত নিষ্পত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ নেয়ার ওপর সভায় গুরুত্ব আরোপ করা হয়। | বিভাগ ও শাখা প্রধান(সকল) |
| ০৩. | **মাসিক আয়-ব্যয় বিবরণী উপস্থাপন:** হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মুহম্মদ আবদুল ওয়াদুদ সিটি কর্পোরেশনের বিভিন্ন শাখার রাজস্ব আদায় বিবরণী সম্মানিত সদস্যদের অবহিতির জন্য উপস্থাপন করেন। সভায় রাজস্ব আদায়ের তুলনামূলক তথ্য বিশ্লেষণ ও পর্যালোচনা করা হয়।<br>**(ii)** জুন ২০২৩ মাসের সিটি কর্পোরেশনের রাজস্ব আয় ও ব্যয়ের সারসংক্ষেপ নিম্নরূপ-<br>আয়: ৮,৭১,৪২,৩৬৫/- টাকা; ব্যয়: ৭,৯২,১৮,৭৩৫/- টাকা | রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে মাঠ পর্যায়ে চলমান রাজস্ব আদায় টিমের কার্যক্রম আরও জোরদার করতে হবে। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>প্রধান রাজস্ব কর্মকর্তা |

| আয় | ব্যয় |
|---|---|
| ৮,৭১,৪২,৩৬৫/- টাকা | ৭,৯২,১৮,৭৩৫/- টাকা |

০৪. **উন্নয়ন কর্মকান্ড সংক্রান্ত:** সভাপতির অনুমতিক্রমে প্রধান প্রকৌশলী জনাব গৌতম প্রসাদ চৌধুরী চলমান ও সমাপ্তকৃত উন্নয়ন প্রকল্পের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর চলমান ও সমাপ্তকৃত প্রকল্পের অগ্রগতি ও গুণগত মান সম্পর্কে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

(ii) প্রধান প্রকৌশলী কর্তৃক নিম্নলিখিত প্রাক্কলন/সংশোধিত প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

| ক্রম | প্রকল্প/কাজের নাম | প্রাক্কলিত অর্থ |
|---|---|---|
| ১. | কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায় জেনারেল হাসপাতালের জরুরি বিভাগের সামনে অস্থায়ী টিন শেড নির্মাণ। | ১৬,০০,১৪৪/- |
| ২. | ১৪ নং ওয়ার্ডে মেডিকেল কলেজ রোড হতে মুরাদপুর প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত আরসিসি ড্রেনের মধ্যে ০৫টি আরসিসি কালভার্ট নির্মাণ। (ক) কাটাবিল রোড হতে সৈয়দ জাকির সাহেবের বাড়ি পর্যন্ত ব্রিক্স ড্রেইন ও সিসি রাস্তা নির্মাণ। কাটাবিল মাজার রোড ড্রেইন ও সিসি রাস্তা নির্মাণ কাজ। ওয়ার্ড নং- ১৫। | ১৬,০৩,৪৯০/- |
| ৩. | ২০নং ওয়ার্ড দিশাবন্দ আবাসন প্রকল্পের পুকুরপাড় ০২টি ঘাটলা নির্মাণ এবং পুকুরপাড় দেওয়াল নির্মাণ কাজ। শাকতলা শরীফ মিয়ার বাড়ির রাস্তা আরসিসি ঢালাই ও কালভার্ট নির্মাণ কাজ। | ১৪,২৬,৬৬১/- |
| ৪. | ১৮নং ওয়ার্ডের হাউজিং এলাকায় ০৪নং সেকশন রোড নুরপুর শাহী মসজিদ হতে দুদক অফিস পর্যন্ত রাস্তা নির্মাণ। | ১৭,৭৪,০৪১/- |
| ৫. | নবাব ফয়জুন্নেছা সরকারি গার্লস স্কুলের ভেতরে রাস্তা আর.সি.সি দ্বারা উন্নয়ন। | ৯,৩৭০৬২/- |
| ৬. | কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায় হাতির পুকুরপাড় ০২টি ঘাটলা নির্মাণ ওয়াড নং-১৭। | ৯,৬৯,৮৭৮/- |
| ৭. | চকবাজার রাস্তা সিসি ড্রেইন আরসিসি পুলিশ ফাঁড়ির সেপটিক ট্যাংক উন্নয়ন ও মাছ বাজার, সবজি বাজার শেড টিনের চাল মেরামত। | ৪৫,৩৯,১০৪/- |
| ৮. | হয়রতপাড়া মনির মিস্ত্রী বাড়ি হতে মোহন মিস্ত্রী বাড়ি এবং নুরপুর পূর্বপাড়া আহাদ মিস্ত্রী বাড়ি হতে খোরশেদ ভূঁইয়া বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা এবং ড্রেইনের টপ স্ল্যাব নির্মাণ। | ১৪,২৯,০১৩/- |
| ৯. | কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায় চৌয়ারা গার্লস হাই স্কুলের বাউন্ডারি ওয়াল নির্মাণ কাজ। | ৩৭,৫০,২২৫/- |
| ১০. | কুমিল্লা সরকারি কলেজের পার্শ্বে রাইফেলস ক্লাব এর বাউন্ডারি ওয়াল ও গেইট নির্মাণ কাজ। | ২০,১৭,৯১৪/- |
| ১১. | কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায় ফায়ার সার্ভিস ও সিভেল ডিসেন্স অফিসের সামনে আরসিসি রোড ও ড্রেইন নির্মাণ কাজ। | ৩৭,৪৫,৬১৪/- |
| ১২. | টমছমব্রীজ কবরস্থানের দক্ষিণ প্রান্তে কুমিল্লা সিটি কর্পোরেশনের ড্রেইন সংলগ্ন ব্রীক্স প্যালাসাইডিং নির্মাণ। | ৯,৯১,৩৪০/- |
| ১৩. | মজিফাবাদ কলোনীতে টয়লেট নির্মাণ কাজ। | ৪,৭৪,২৪৪/- |

০১। প্রস্তাবিত ২৪টি প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী দরপত্র আহ্বান/কোটেশনের মাধ্যমে পিপিআর ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক কাজ বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।

০২। প্রস্তাবিত ০২টি Re-Cost Estimate সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী পিপিআর ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক কাজ বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।

০৩। ডিপিপিসহ সকল উন্নয়ন কাজের গুণগত মান ও টেকশই নিশ্চিতকরণে প্রকল্পের ড্রইং, ডিজাইন অনুযায়ী যথাযথভাবে কাজ বাস্তবায়নে আরও দায়িত্বশীল ও পেশাসুলভ মনোবৃত্তিতে কাজ করার জন্য প্রকৌশল বিভাগের সকল কর্মকর্তাকে পুন:নির্দেশনা প্রদান করা হলো।

কাউন্সিলর (সকল)
প্রধান প্রকৌশলী
নির্বাহী প্রকৌশলী (সকল)
সহকারী প্রকৌশলী (সকল)
উপসহকারী প্রকৌশলী (সকল)
কঞ্জারভেন্সি কর্মকর্তা

| | | |
|---|---|---|
| ১৪. | কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায় ১৭নং ওয়ার্ডে গোবিন্দ পুকুর দক্ষিণপাড় রিটেনিং ওয়াল নির্মাণ। | ২৩,৪৫,৩৪৭/- |
| ১৫. | পুলিশ লাইন আজিজ ফয়যুন্নেছা টাওয়ারের পশ্চিম পার্শ্বে প্রিন্স রোড আরসিসি দ্বারা উন্নয়ন। | ২৫,৪০,২৯০/- |
| ১৬. | কুমিল্লা সিটি কর্পোরেশনের আওতাধীন নিউমার্কেটের সাব-স্টেশন এর এইচটি সুইচ গিয়ার পরির্বতনকরণ। | ১৪,১৫,১২২/- |
| ১৭. | কুমিল্লা সিটি কর্পোরেশনের ০১-২৭নং ওয়ার্ডে সড়কবাতি মেরামত মালামাল ক্রয় | ২৮,৮২,১৮১/- |
| ১৮. | নোয়াগাঁও চৌমুহনী হতে ঢাকা চট্রগ্রাম মহাসড়ক পর্যন্ত সড়কের গর্ত ভরাট ও রাস্তা মেরামত | ৮,১৭,৪৯৫/- |
| ১৯. | উনাইসার শাহ আবদুল্লাহ গাজীপুরী মাজার মসজিদ এর অজুখানা নির্মাণ করণ। | ১৭,২৮,০২৪/- |
| ২০. | পবিত্র ঈদ-উল আযহা ২০২৩ উপলক্ষে কেন্দ্রীয় ঈদগাহ মাঠের নামাজ পড়ার কাতারের রংকরণ কাজ। | ৬০,৬৭৬/- |
| ২১. | কাপ্তান বাজার ব্যাপারী পুকুর পাড় সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন রাসেল মিয়ার গলি ও ভাটার পুকুর পাড়ের পূর্ব পাড়ে কাউন্সিলর গলির রাস্তা নির্মাণ। | ২,৯৫,২৬৪/- |
| ২২. | পবিত্র ঈদুল আযহা ২০২৩ কোরবানীর পশুর বর্জ্য অপসারণ কাজের মালামাল সরবরাহ করণ কাজ। | ৪,৮৫,২২৫/- |
| ২৩. | পবিত্র ঈদুল আযহা ২০২৩ কোরবানীর পশুর বর্জ্য অপসারণ কাজের মালামাল (ব্লিচিং পাউডার) সরবরাহ কাজ। | ৩,৭৫,২০০/- |
| ২৪. | পবিত্র ঈদুল আযহা ২০২৩ কোরবানীর পশুর বর্জ্য পরিবহন ও বর্জ্য ব্যবস্থাপনা কাজে ০৬টি ট্রাক ও ০৬টি ট্রাক্টর এবং ০২টি এস্কাভেটর ভাড়ায় সরবরাহকরণ। | ১,৭৪,০০০/- |

**(iii) <u>Re- Cost Estimate সংক্রান্ত:</u>** নির্বাহী প্রকৌশলী জনাব মো: আবু সায়েম ভূইয়া নিম্নবর্ণিত Re- Cost Estimate অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**(a)** Construction work of CC Road Start from (a) Gram Chouara Main Road to Dr. Monoara Begum House Road, (b) Dayapur Road to Khorshed Hujur House Road,(c) Lokkipur Road to Abdus Sattar Mia House Road Under comilla city Corporation, in ward no-25 & (2) Construction work of CC Road at (a) Ballovpur Dakhin para Graveyard Road near Mosque,(b) Jafor Hujur House Road, (c) Submersible & Plastic Over head Water Tank at Kalikapur Jame Mosque Under comilla city Corporation, in ward no-26, CUCC/ADP/2022-2023/W-18, Tender ID No- 747026. চুক্তি মূল্য- ৯,৪২,০০৭/-(নয় লক্ষ বিয়াল্লিশ হাজার সাত) টাকা এবং ভেরিয়েশন প্রাক্কলন মূলয মং- ৯,৮৯,৬৬১/- (নয় লক্ষ উননব্বই হাজার ছয়শত একষট্টি) টাকা। ভেরিয়েশন প্রাক্কলন চুক্তিমূল্যের ৫.০৬% বেশি।

**(b)** Construction of RCC Drain and Road Rammala Road side & Jahirul kamal House Under Cumilla City Corporation (Ward No-08), CUCC/ADP/2022-2023/W-24, Tender ID No- 775533, Ch.00-0+00-0-78 এর স্থলে Ch.00-0+00-0+59 মিটার এবং লিংক Ch.00-0+00-0+92 এর outfall সংযোগ Ch.00-0+00-0+120 মিটার। চুক্তি মূল্য ৪১,৯৬,৯৪০/-(একচল্লিশ লক্ষ ছিয়ানব্বই হাজার নয়শত চল্লিশ) টাকা এবং ভেরিয়েশন প্রাক্কলন মূল্য ৪১,৯৫,৩৪৪/-(একচল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার তিনশত চুয়াল্লিশ) টাকা, যা ০.০৬% নিম্ন হয়।

কুমিল্লা সিটি কর্পোরেশনের ২৫/০৭/২০২৩খ্রি: তারিখের মাসিক সভার কার্যবিবরণী

| | | | |
|---|---|---|---|
| | **(iv)** সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ২১) জনাব কাজী মাহবুবুর রহমান জানান, ড্রইং ডিজাইন মোতাবেক উন্নয়ন কাজ হচ্ছে না। নির্মাণ উপকরণের গুণগত মান ও ব্যবহার নিয়েও আপত্তি জানান। তাছাড়া প্রকৌশল বিভাগে দক্ষ জনবলে অভাব এবং ফলশ্রুতিতে তদারকি নেই। এ থেকে উত্তরণে করণীয় এবং কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ করেন। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১২) জনাব কাজী জিয়াউল হক চকবাজার-বজ্রপুর ড্রেন নির্মাণ কাজ সুষ্ঠ সমাধানের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৬) জনাব মো: আমিনুল ইকরাম নিয়মিত জনবল সংস্থান পর্যন্ত প্রকৌশল বিভাগে কর্মরত বিদ্যমান অস্থায়ী কর্মীদের কারিগরি কাজে কর্মকালীন/আভ্যন্তরিন প্রশিক্ষণ দিয়ে দক্ষ করার প্রস্তাব করেন। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০১) জনাব কাজী গোলাম কিবরিয়া জানান, উন্নয়ন কাজে অনভিজ্ঞ ঠিকাদার নিযুক্ত হওয়ার কাজের মান ও গতি মন্থর। স্থানীয় কাউন্সিলরের সাথে ঠিকাদারের সমন্বয় নেই। ফলে নানাবিধ জটিলতা সৃষ্ট হয়। উন্নয়ন কাজে কাউন্সিলরের প্রত্যয়ন বারণ থাকলে ভিন্ন কোনো উপায়ে স্থানীয় কাউন্সিলরকে সম্পৃক্ত করার প্রস্তাব করেন। এছাড়া মুসুল্লিদের সুবিধার্থে নগর শিশু উদ্যান মসজিদ (সিটি পার্ক মসজিদ) সংস্কারের ব্যবস্থা নিতে সভাপতিকে অনুরোধ জানান। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১১) ও মেয়রের প্যানেল সদস্য-০১ জনাব হাবিবুর আল-আমিন সাদী জানান, উন্নয়ন কাজের সাইট পরিদর্শনকালে অনিয়মের জন্য কাজ শুধু বন্ধ রাখলেই সমাধান নয়, ঠিকাদারের বিরুদ্ধে প্রচলিত বিধি-বিধান মোতাবেক আইনী পদক্ষেপ জরুরি। নমুনা স্বরুপ কিছু দৃষ্টান্ত স্থাপন করা দরকার। এতে সামগ্রিক উন্নয়ন কর্মকান্ডে ওপর ইতিবাচক প্রভাব পড়বে।<br>প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, সিটি কর্পোরেশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি আওতায় জনপ্রতিনিধি, কর্মকর্তা-কর্মচারীদের অভ্যন্তরিন প্রশিক্ষণ (In house Training) কর্মপরিকল্পনা রয়েছে। এ কর্মসূচির আওতায় প্রকৌশল বিভাগসহ সকলকে পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান করা হবে এবং এ কাজে সম্ভাব্য ২,৫৮,৪০০/-টাকা ব্যয় প্রস্তাব রয়েছে। জনবল কাঠামো বিষয়ে জানান, এটি সচিব কমিটিতে প্রেরণ করা হয়েছে। জনবল কাঠামো অনুমোদন ত্বরান্বিত করার জন্য মন্ত্রণালয়ে যোগাযোগপূর্বক অগ্রগতি পরবর্তী মাসিক সভায় অবহিত করা হবে- মর্মে জানান। | ০৪। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় প্রকৌশল বিভাগসহ স্থায়ী অস্থায়ী সকল কর্মকর্তা-কর্মচারীকে বার্ষিক প্রশিক্ষণ কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রাধিকারভিত্তিতে বিষয়ভিত্তিক অভ্যন্তরিণ প্রশিক্ষণ (In house Training) প্রদানের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হলো। এ কাজে ২,৫৮,৪০০/-(দুই লক্ষ আটান্ন হাজার চারশত) টাকার ব্যয় প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়। | |
| | **(v) সভার শৃঙ্খলা বজায় রাখা:** সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যদের মনোযোগ আকর্ষণ করে বলেন, সভা সুশৃঙ্খলভাবে পরিচালনার সুবিধার্থে অংশগ্রহণকারী সদস্যদের এ সংক্রান্ত নিয়মাবলি (Norms) অনুসরণ করা অবশ্য কর্তব্য। Norms সম্পর্কে সকলেই কম-বেশি জানা। বিচ্ছিন্ন, অপ্রাসঙ্গিক ও সমস্বরে কথা বললে কাজের কাজ কিছুই হয় না। আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ বাধাগ্রস্ত এবং সভা প্রলম্বিত হয়। তাই সুশৃঙ্খল ও ফলপ্রসূভাবে সভা অনুষ্ঠানে এজেন্ডাভিত্তিক ধারাবাহিক আলোচনা এবং কারো বক্তব্য থাকলে সভাপতির অনুমতিক্রমে সুনির্দিষ্ট মতামত/প্রস্তাব উপস্থাপনের জন্য সম্মানিত সকল সদস্যকে অনুরোধ জানান। | ০৫। এজেন্ডাভিত্তিক আলোচনা এবং সভার Norms অনুসরণের জন্য সম্মানিত সকল সদস্যকে পুন:অনুরোধ করা হলো। | |
| ০৫. | **<u>শাখাভিত্তিক আলোচনা:</u>**<br>(ক) <u>বর্জ্য ব্যবস্থাপনা</u>: বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা জনাব মো: আলমগীর হোসেন জানান, শহরের ২৭টি ওয়ার্ডের বর্জ্য অপসারণের কর্মযজ্ঞ সভায় তুলে ধরেন। ময়লার গাড়িগুলো পুরনো হওয়ায় প্রায়শ:ই বিকল হয়ে পড়ে এবং প্রকৃত শ্রমিক সংকটে বর্জ্য ব্যবস্থাপনা কাজে বিড়ম্বনা সৃষ্টি হয়। এছাড়া সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনার জন্য স্যানিটারি ল্যান্ডফিলে নতুন এক্সকেভেটর/চেইন ডোজার সংস্থানের করা জরুরি।<br>**(ii)** সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ জানান, মাননীয় মেয়র মহোদয়ের সুচিন্তিত নির্দেশনা ও কাউন্সিলরগণের আন্তরিক সহযোগিতায় পবিত্র ঈদুল আযহা ২০২৩ শহরে কোরবানির পশুর বর্জ্য ২৪ঘন্টার মধ্যে সুষ্ঠুভাবে অপসারণ সম্ভব হয়েছে। এ কাজে বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তা-কর্মচারী, শ্রমিক, জমাদারসহ সকল কর্মী অক্লান্ত শ্রম ও দক্ষতার পরিচয় দিয়েছে। সকলকে তিনি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। | ০১। বর্জ্য ব্যবস্থাপনার জন্য এক্সকেভেটর, চেইন ডোজার ও ময়লার গাড়ির চাহিদা ইউডিসিজিপি প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য সভাপতিকে অনুরোধ জানানো হয়।<br>**(ii)** পবিত্র ঈদুল আযহা ২০২৩ কোরবানির পশুর বর্জ্য সুষ্ঠু ও অতি অল্প সময়ে অপসারণ করায় সম্মানিত কাউন্সিলর ও বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারী, লেবার, জমাদারকে ধন্যবাদ প্রদান করা হলো। | কাউন্সিলর (সকল)<br>প্রধান নির্বাহী কর্মকর্তা<br>সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) |

চলমান পাতা-০৫-

<table>
<tr>
<td></td>
<td>(খ) <u>বিদ্যুৎ শাখা</u>: সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১৮) জনাব মোহাম্মদ শওকত আকবর জানান, ওয়ার্ডে বৈদ্যুতিক তার, সেড সরবরাহ নাই। বৃষ্টিতে বাতি নষ্ট হয়ে যাচ্ছে। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ জানান, পার্শ্ববর্তী ওয়ার্ডে সুইচ অফ করে বৈদ্যুতিক লাইনে কাজ করার অজুহাতে বিভিন্ন স্থানে বাতি জ্বলা বন্ধ থাকে। তাই ওয়ার্ডভিত্তিক সুইচ স্থাপন করা হলে এ সমস্যা নিরসন হবে। এ নিয়ে ইতোপূর্বে একাধিকবার আলোচনা হয়েছে। এটি কার্যকরণে সভাপতিকে অনুরোধ জানান। সহকারী প্রকৌশলী জনাব মো: খাইরুল বাসার বলেন, বৈদ্যুতিক সরঞ্জামাদি ক্রয় প্রক্রিয়াধীন রয়েছে। সরবরাহ পাওয়া সাপেক্ষে চাহিদা অনুযায়ী ওয়ার্ড পর্যায়ে সরবরাহ করা হবে।<br><br>(গ) পরিবহন শাখা: সহকারী প্রকৌশলী(যান্ত্রিক/বিদ্যুৎ) জনাব মো: খাইরুল বাসার নিম্নলিখিত প্রাক্কলন/প্রস্তাবসমূহ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্রম</th><th>প্রকল্প/কাজের নাম</th><th>প্রাক্কলিত অর্থ</th></tr>
<tr><td>১.</td><td>বর্জ্য ব্যবস্থাপনায় ব্যবহৃত পে-লোডার-০২ এর জন্য ২০.৫-২৫ সাইজের ০২ (দুই) টি করে ০৪ (চার) টি টায়ার ক্রয়</td><td>৭,৮৭,২০০/-</td></tr>
<tr><td>২.</td><td>বর্জ্য ব্যবস্থাপনা ও সংগ্রহ কাজে ব্যবহৃত বেক-হো-লোডার-০২এর জন্য ১৬.৯-২৮ সাইজের ০২(দুই)টি এবং ১২.৫/৮০-১৮ সাইজের ০২(দুই)টি মোট ০৪(চার)টি টায়ার ক্রয়</td><td>৩,৪৮,৬০০/-</td></tr>
<tr><td>৩.</td><td>কুমিল্লা-ঘ-১১-০১১৯ নং জীপের এসি সিস্টেম মেরামত ও পরিবর্তন সহ সম্পূর্ণ জীপের বিভিন্ন অংশ মেরামত ও সার্ভিসিং কাজ</td><td>২,০৫,৮১৬/-</td></tr>
<tr><td>৪.</td><td>মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন এর ব্যবহারের জন্য ক্রয়কৃত জীপ পাজেরো স্পোর্টস QX20MY জীপ ডেকোরেশন করণ</td><td>২,০৫,১৪৫/-</td></tr>
<tr><td>৫.</td><td>কুমিল্লা সিটি কর্পোরেশন ৩৬ টি ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়ের জন্য কম্পিউটার সরবরাহ (Cucc/Rev/2022-2023/W-01) কাজে কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী সরবরাহকরণ</td><td>৬৩,৫২,১০৫/-</td></tr>
<tr><td>৬.</td><td>বুলডোজার-০২ (Cat-04) এর চেইন সেট এবং বিভিন্ন অংশ পরিবর্তনসহ মেরামত কাজ</td><td>৭,২৩,৮৫০/-</td></tr>
</table></td>
<td>০২। নির্ধারিত প্রক্রিয়া ত্বরিত সম্পাদনপূর্বক বৈদ্যুতিক সরঞ্জামাদি সংগ্রহ এবং যৌক্তিক চাহিদা মোতাবেক সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>০৩। বর্জ্য ব্যবস্থাপনা, পরিবহন ও কম্পিউটার সরবরাহ কাজে প্রস্তাবিত ০৬টি প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী দরপত্র আহ্বান/কোটেশনের মাধ্যমে পিপিআর ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক কাজ বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।</td>
<td>বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা<br>সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)<br><br>প্রধান প্রকৌশলী<br>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)</td>
</tr>
<tr>
<td>০৬.</td>
<td>মেয়র মহোদয়ের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিল আওতায় গাড়ি (MITSUBISHI PAJERO SPORT QX) ক্রয় বাবদ ১,৪৫,০০,০০০/-(এক কোটি পয়তাল্লিশ লক্ষ) টাকা অনুমোদন: মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন এর দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য নিজস্ব তহবিল আওতায় একটি পাজারো গাড়ি (MITSUBISHI PAJERO SPORT QX) ক্রয় বাবদ ১,৪৫,০০,০০০/-(এক কোটি পয়তাল্লিশ লক্ষ) টাকার ব্যয় সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়।</td>
<td>মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন এর দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য নিজস্ব তহবিল আওতায় পাজারো গাড়ি (MITSUBISHI PAJERO SPORT QX) ক্রয় বাবদ ব্যয়িত ১,৪৫,০০,০০০/-(এক কোটি পয়তাল্লিশ লক্ষ) টাকা সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হলো।</td>
<td>প্রধান নির্বাহী কর্মকর্তা<br>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)</td>
</tr>
<tr>
<td>০৭.</td>
<td>মশা নিয়ন্ত্রণে নিয়মিত কর্মসূচিসহ ডেঙ্গু প্রাদুর্ভাব মোকাবেলায় মশার ওষুধ ক্রয় বাবদ ২৯,৮৮,৭৫০/-(উনত্রিশ লক্ষ আটাশি হাজার সাতশত পঞ্চাশ) টাকা অনুমোদন: মশা নিয়ন্ত্রণে নিয়মিত কর্মসূচিসহ ডেঙ্গু প্রাদুর্ভাব মোকাবেলায় কীটনাশক/ওষুধ ক্রয় বাবদ ২৯,৮৮,৭৫০/-(উনত্রিশ লক্ষ আটাশি হাজার সাতশত পঞ্চাশ) টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, সারাদেশে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায়ও এ রোগের বিস্তৃতি ঘটেছে। এ নিয়ে ১৯ জুলাই ২০২৩ তারিখে স্থানীয় সরকার বিভাগে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় সিটি কর্পোরেশনের জন্য করণীয় বিষয়াবলীর ওপর গৃহীত সিদ্ধান্তসমূহ উপস্থাপন করেন। বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা জানান, ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলার জন্য পর্যাপ্ত কীটনাশক/ওষুধ মজুদ রাখা দরকার। পদ্মা ওয়েল কোম্পানি লি: হতে ওষুধ ক্রয়ের প্রস্তাব প্রক্রিয়াধীন রয়েছে। সম্মানিত</td>
<td>০১। ডেঙ্গু প্রাদুর্ভাব মোকাবেলায় কীটনাশক/ওষুধ ক্রয় বাবদ ২৯,৮৮,৭৫০/-(উনত্রিশ লক্ষ আটাশিহাজার সাতশত পঞ্চাশ) টাকার ব্যয় প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হলো। ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা, বিল-ভাউচার, মজুদ ও বিতরণ রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।</td>
<td>কাউন্সিলর (সকল)<br>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>ওয়ার্ড সচিব (সকল)<br>বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা<br>ভান্ডার কর্মকর্তা</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td>কাউন্সিলর (ওয়ার্ড নং ১২) জনাব কাজী জিয়াউল হক জানান, মশা নিয়ন্ত্রণে বিচ্ছিন্নভাবে কাজ হচ্ছে। ওয়ার্ডভিত্তিক সমন্বিত পরিকল্পনা করা দরকার। মশার ওষুধ ক্রয়, মজুদ, বণ্টন ও ব্যবহারে স্বচ্ছতা জরুরি। মাসিক সভায় ইতোপূর্বে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক প্রত্যেক ওয়ার্ডে একটি করে ফগার মেশিন বরাদ্দের অনুরোধ জানান।<br>এ প্রসঙ্গে সভাপতি বলেন, মশা নিয়ন্ত্রণে ফগার মেশিন ব্যবহার অধিকতর কার্যকর। সিটি কর্পোরেশনের ফগার মেশিন আছে ০৮টি। মেশিনক্রয় ব্যয় বহুল এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ খরচ মাত্রাতিরিক্ত হওয়ায় এ মুহূর্তে সংস্থান করা যাচ্ছে না। এছাড়া হস্তচালিত মেশিন রয়েছে। বিদ্যমান ফগার মেশিন এবং হস্তচালিত মেশিন ব্যবহার করে পর্যায়ক্রমে সকল ওয়ার্ডে মশার প্রজননস্থল ও Hot Spot গুলোতে ওষুধ স্প্রে করতে হবে। এ লক্ষ্যে একটি ওয়ার্ডভিত্তিক কর্মসূচি তৈরীর নির্দেশনা প্রদান করেন। তাছাড়া ডেঙ্গু প্রতিরোধ ও মোকাবেলায় জনসচেতনা সৃষ্টির জন্য এ সংক্রান্ত জাতীয় নির্দেশিকা অনুযায়ী ওয়ার্ড কাউন্সিলরগণের নেতৃত্বে স্থানীয় পেশাজীবি ও গণ্যমান্য ব্যক্তিবর্গকে সম্পৃক্ত করে ওয়ার্ড কমিটি গঠনের জন্য সম্মানিত সকল কাউন্সিলরকে অনুরোধ জানান।</td>
<td>০২। মশাবাহিত রোগ ডেঙ্গু প্রাদুর্ভাব মোকাবেলায় বছরব্যাপী ওয়ার্ডভিত্তিক কর্মপরিকল্পনা হালনাগাদ করতে হবে। মশক নির্ধন কাজের অগ্রগতি মেয়র মহোদয়/প্রধান নির্বাহী কর্মকর্তাকে নিয়মিত অবহিত করার জন্য কঞ্জারভেন্সি কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>০৩। ওয়ার্ড পর্যায়ে ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধ কমিটি গঠনপূর্বক এলাকা মহল্লায় বাড়ি-ঘর ও আঙ্গিনা সামাজিক,ধর্মীয়,শিক্ষা প্রতিষ্ঠান নিজ নিজ ব্যবস্থাপনায় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার উদ্বুদ্ধকরণ ও প্রচার-প্রচারণা জন্য সম্মানিত সকল কাউন্সিলরকে অনুরোধ করা হলো।</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৮.</td>
<td>বিবিধ: (ক) <u>জাতীয় শোক দিবস ২০২৩ পালন</u>: প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে কুমিল্লা সিটি কর্পোরেশন কর্মসূচি গ্রহণ করেছে। বিভাগ-শাখা কর্মকর্তাদের সমন্বয়ে অনুষ্ঠেয় এ সংক্রান্ত সভায় কর্মসূচি চূড়ান্ত করা হবে। কর্মসূচিতে সকলকে অংশগ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।<br>(ii) সভাপতি জানান, সিটি কর্পোরেশনের ব্যবস্থাপনায় ১৫ আগস্ট ২০২৩ স্থানীয় টাউন হল মাঠে গণভোজ আয়োজন করা হয়েছে। এতে প্রায় সাড়ে ৪হাজার(কম/বেশী)প্যাকেট খাবারের ব্যবস্থা থাকবে। এ কাজে সম্ভাব্য ৭.০০(সাত) লক্ষ টাকা ব্যয় হতে পারে। এ আয়োজন সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ১০নং ওয়ার্ড কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০২ জনাব মো: মনজুর কাদের (মনি) সমন্বয়কের দায়িত্ব পালন করবেন। এ সংক্রান্ত একটি কমিটি গঠনের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করেন। তিনি আরও বলেন, ৫ আগস্ট ২০২৩ বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল-এর জন্মবার্ষিকী উপলক্ষে শেখ কামাল ক্রীড়া কমপ্লেক্সে তাঁর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, বৃক্ষরোপণ ও চারাগাছ বিতরণ অনুষ্ঠানাদি রয়েছে। এ অনুষ্ঠানে সকলকে অংশগ্রহণের জন্য অনুরোধ জানান।<br>(খ) <u>কুমিল্লা নগরীর যানজট নিরসন ও রাজস্ব আহরণ বিষয়ক সভার কার্যবিবরণী অনুমোদন</u>: কুমিল্লা নগরীর যানজট নিরসন ও রাজস্ব আহরণ বিষয়ে ৬ জুন ২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অনুমোদন এবং উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুচ্ছেদ ০২(০২) অংশে বর্ণিত মিশুক, সিএনজি ও রিক্সা রেজিস্ট্রেশন ফি নিম্নবর্ণিত হারে পুন:নির্ধারণের প্রস্তাব করা হয়।
<table>
<tr><td>ক্রম:</td><td>যানবাহনের প্রকৃতি বা ধরণ</td><td colspan="2">রেজিস্ট্রেশন ফি</td></tr>
<tr><td></td><td></td><td>বিদ্যমান ফি</td><td>প্রস্তাবিত ফি</td></tr>
<tr><td>০১.</td><td>অটোরিক্সা(মিশুক) (শুধুমাত্র দু'সিট বিশিষ্ট)</td><td>৫,০০০/- টাকা (পাঁচ হাজার)</td><td>৫,৫০০/- টাকা (পাঁচ হাজার পাঁচশত)</td></tr>
<tr><td>০২.</td><td>সিএনজি</td><td>১০,০০০/- টাকা (দশ হাজার)</td><td>১০,৫০০/- টাকা (দশ হাজার পাঁচশত)</td></tr>
<tr><td>০৩.</td><td>সনাতন রিক্সা (পায়ে চালিত রিক্সা)</td><td>৫০০/- টাকা (পাঁচশত)</td><td>৮০০/- টাকা (আটশত)</td></tr>
</table>
</td>
<td>০১। জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষে কুমিল্লা সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত সকল কর্মসূচিতে স্বত:স্ফূর্তভাবে অংশগ্রহণের জন্য সম্মানিত সকল কাউন্সিলর ও কর্মকর্তা-কর্মচারীকে অনুরোধ করা হলো। (ii) ১৫ আগস্ট ২০২৩ স্থানীয় টাউন হলে গণভোজ আয়োজনে সম্ভাব্য ৭.০০(সাত) লক্ষ টাকার ব্যয় প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় পালনে কমিটি গঠনের প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হলো।<br><br>০২। ৬ জুন ২০২৩ তারিখ অনুষ্ঠিত যানজট নিরসন সংক্রান্ত সভার কার্যবিবরণীর অপরাপর বিষয়াবলীর ওপর কারো কোনো আপত্তি বা সংশোধনী না থাকায় প্রস্তাবিত/পুন:নির্ধারিত ফি সহ উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়।</td>
<td>কাউন্সিলর (সকল)<br>প্রধান নির্বাহী কর্মকর্তা<br>সচিব<br>প্রধান রাজস্ব কর্মকর্তা<br>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>প্রশাসনিক কর্মকর্তা<br>লাইসেন্স কর্মকর্তা<br>বাজার কর্মকর্তা<br>আইন সহকারী<br>ওয়ার্ড সচিব(সকল)</td>
</tr>
</table>

চলমান পাতা-০৭

| | | | |
|---|---|---|---|
| | (ii) সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১৬) জনাব মো: জাহাঙ্গীর হোসেন বাবুল শহরে অবৈধ অটোরিক্সা, সিএনজি চলাচল বন্ধ করে ৬ জুন ২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নকৃত ব্যক্তিকে মিশুক, রিক্সা লাইসেন্স প্রদানের কার্যক্রম ত্বরান্বিত করার ব্যবস্থা নিতে সভাপতিকে অনুরোধ জানান। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১২) জনাব কাজী জিয়াউল হক বলেন, স্থানীয় ভোটার/এনআইডি কার্ডধারী যাচাই-বাছাই করে লাইসেন্স ইস্যুর জন্য বরাদ্দ অনুযায়ী নির্দিষ্ট সংখ্যক প্রকৃত চালকদের প্রত্যয়ন প্রদান করা হয়েছে। বরাদ্দ ব্যত্যয় বা ভিন্ন কোনো মারফত লাইসেন্স প্রদান সমীচীন হবে না। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১০) জনাব মো: মনজুর কাদের মনি এবং জনাব মোহাম্মদ শওকত আকবর (ওয়ার্ড নং ১৮) এ বক্তব্যের সাথে একমত পোষণপূর্বক সিদ্ধান্ত ত্বরিত বাস্তবায়নের ব্যবস্থা নিতে সভাপতিকে অনুরোধ জানান।<br><br>(গ) <u>সিটি কর্পোরেশনের অননুমোদিত এবং নকশা বহির্ভূত ইমারত/ভবন সংক্রান্ত</u>: সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ জানান, সিটি কর্পোরেশন এলাকায় অহরহ অননুমোদিত ও নকশা বহির্ভূত নির্মাণ চলছে। অপরিকল্পিতভাবে বাড়ি-ঘর নির্মাণের কারণে শহর বসবাসের অনুপযোগী হয়ে পড়েছে। স্থানীয় ও জাতীয় পত্রিকায় সতর্কীকরণ বিজ্ঞপ্তি প্রচারসহ অননুমোদিত ও নকশা বহির্ভূত ভবন নির্মাণকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতিকে অনুরোধ জানান। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১১) ও মেয়রের প্যানেল সদস্য-০১ জনাব হাবিবুর আল-আমীন সাদী অননুমোদিত এবং নকশা বহির্ভূত সকল ইমারত/ভবনে **'সিটি কর্পোরেশনের অনুমোদন নেই/সিটি কর্পোরেশনের অনুমোদিত নকশা বহির্ভূত'** নামীয় ব্যানার/সাইনবোর্ড সাঁটানোর প্রস্তাব করেন। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৫) সৈয়দ রায়হান আহমেদ অননুমোদিত ভবন নির্মাণকারীর বিরুদ্ধে উচ্ছেদ অভিযানসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতিকে অনুরোধ জানান।<br>প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, সিটি কর্পোরেশন এলাকায় ইমারতের নকশা অনুমোদনে ১৬ জুলাই ২০১৭ তারিখ (পুন:গঠিত ২৮ জুন ২০২২) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ইমারত/স্থাপনার নকশা অনুমোদন এবং ভবনের গুণগত মান নিশ্চিতকরণে প্রধান নির্বাহী কর্মকর্তাকে সভাপতি করে ১৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। এ কমিটি যাবতীয় কাগজাদি যাচাই-বাছাইপূর্বক ইমারত নির্মাণ আইন, ১৯৫২ এবং প্রচলিত বিধি-বিধানের আওতায় নকশা অনুমোদন করে থাকে। লক্ষ্যণীয় যে, অননুমোদিত এবং নকশা বহির্ভূত শত শত ভবন এ শহরে নির্মিত হয়েছে এবং অবৈধ নির্মাণ চলছেই। এ সকল অবৈধ স্থাপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ জরুরি।<br>সভাপতি বলেন, বাড়ি-ঘর নির্মাণে ওয়ার্ড পর্যায়ে স্থানীয় কাউন্সিলরকে নানাবিধ পরিস্থিতি মোকাবেলা করতে হয়। সরকার কর্তৃক গঠিত কমিটিতে কোনো জনপ্রতিনিধি অর্থাৎ মেয়র বা স্থানীয় কাউন্সিলর অন্তর্ভুক্ত নেই। নকশা অনুমোদন প্রক্রিয়ায় জনপ্রতিনিধি সম্পৃক্ততা না থাকায় শহরের প্রকৃতচিত্র বা বাস্তব অবস্থা তুলে ধরা যায় না। যাই হোক বিদ্যমান কাঠামোর মধ্যে নকশা অনুমোদন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ জানান। অননুমোদিত বা নকশা বহির্ভূত ভবন নির্মাণ পরিলক্ষিত হলে তাৎক্ষণিক প্রকৌশল বিভাগকে লিখিতভাবে জানানোর জন্য সম্মানিত সকল কাউন্সিলরকে অনুরোধ করেন। অবৈধ নির্মাণ উচেছদ বা আইনানুগ ব্যবস্থা গ্রহণে কোনো ছাড় বা আনুকুল্য প্রদর্শন করা যাবে না।<br><br>(ঘ) <u>স্বাস্থ্য বিভাগে মেডিকেল অফিসার নিয়োগ সংক্রান্ত</u>: সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০১) জনাব কাজী গোলাম কিবরিয়া জানান সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগের কর্মকান্ড বৃদ্ধি পেয়েছে। নগরবাসীর স্বাস্থ্য সেবা, ইপিআই, কোভিড, ডেঙ্গুসহ নানাবিধ প্রাদুর্ভাব মোকাবেলায় সার্বক্ষণিক একজন মেডিকেল অফিসার দরকার। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সভাপতিকে অনুরোধ জানান। প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, সিটি কর্পোরেশনের জনবল কাঠামো অনুমোদন না হওয়া পর্যন্ত মেডিকেল অফিসার নিয়োগ করা যাচেছ না। তবে সিভিল সার্জন কার্যালয়ের একজন ডাক্তার (ডা. চন্দনা রাণী দেবনাথ) সিটি কর্পোরেশনে মেডিকেল অফিসার পদে অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। | ০৩। অননুমোদিত এবং নকশা বহির্ভূত সকল স্থাপনা, ইমারত/ভবনের হালনাগাদ ওয়ার্ডভিত্তিক তালিকা তৈরীকরত নোটিশ প্রদান, উচ্ছেদ অভিযান পরিচালনা এবং সিটি কর্পোরেশনের অনুমোদন নেই এবং নকশা বহির্ভূত ভবন সম্মুখে ব্যানার/সাইনবোর্ড সাঁটানোসহ এ সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি স্থানীয় ও জাতীয় পত্রিকায় প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। এ কাজের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের জন্য প্রধান প্রকৌশলীকে অনুরোধ করা হলো।<br><br>০৪। সিটি কর্পোরেশনের জনবল কাঠামো অনুমোদন হওয়া পর্যন্ত মেডিকেল অফিসার পদে একজন কর্মকর্তা প্রেষণে পদায়নের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র দিতে হবে।<br>(ii) স্বাস্থ্য বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সুবিধার্থে মেডিকেল অফিসার পদে অতিরিক্ত দায়িত্ব পালনকারী বিদ্যমান কর্মকর্তাকে সিটি কর্পোরেশনের মাসিক সভা এবং নগর ভবনের স্বাস্থ্য বিভাগে একটি নির্দিষ্ট সময় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | |

চলমান পাতা-০৮-

| | |
|---|---|
| (ঙ) **<u>আইন উপদেষ্টার সম্মানি ভাতা বৃদ্ধি সংক্রান্ত</u>**: সম্মানি ভাতা বৃদ্ধির জন্য সিটি কর্পোরেশনের বিজ্ঞ আইন উপদেষ্টা জনাব দেওয়ান মো: সাকীক এর ০৬ জুন ২০২৩ তারিখের আবেদন সভায় উপস্থাপন করা হয়। আবেদনে জানান, সিটি কর্পোরেশনের মামলার সংখ্যা এবং পরিচালনা ব্যয় বৃদ্ধি পেয়েছে। বিদ্যমান সম্মানি/ভাতা দ্বারা এ ব্যয় সংকুলান হয় না। তাই মাসিক সম্মানি/ভাতা বৃদ্ধি করে ১০,০০০/-(দশ হাজার)টাকা পুন:নির্ধারণের অনুরোধ করেছেন। এছাড়া অপর দু'জন বিজ্ঞ আইন উপদেষ্টা (১) জনাব মোহাম্মদ সাঈদ আহমেদ (রাজা) ও (২) জনাব আরীয়া মেহের ইমাম এর সম্মানি/ভাতা নির্ধারণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে ০৩জন বিজ্ঞ আইন উপদেষ্টার মাসিক সম্মানি/ভাতা নিম্নোক্তহারে নির্ধারণের প্রস্তাব করা হয়।<br>০১. জনাব মোহাম্মদ সাঈদ আহমেদ (রাজা): ২০,০০০/-(বিশ হাজার) টাকা<br>০২. জনাব দেওয়ান মো: সাকীক : ১০,০০০/-(দশ হাজার) টাকা<br>০৩. জনাব আরীয়া মেহের ইমাম : ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা<br>সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ সিটি কর্পোরেশনের বিজ্ঞ আইন উপদেষ্টার সম্মানি/ভাতা বৃদ্ধির যৌক্তিকতা তুলে ধরে বক্তব্য প্রদান করেন। এছাড়া ন্যায্যতার ভিত্তিতে সিটি কর্পোরেশনের অনুকূলে মামলার রায় হয়, সে লক্ষ্যে আরও দক্ষতা ও বিচক্ষণতার সাথে সিটি কর্পোরেশনের মামলা পরিচালনার ওপর গুরুত্বারোপ করেন। | ০৫। সিটি কর্পোরেশনের ০৩জন বিজ্ঞ আইন উপদেষ্টার প্রস্তাবিত মাসিক সম্মানি/ভাতা সভায় সর্বসম্মতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। আগষ্ট ২০২৩ মাস থেকে এটি কার্যকর হবে। **(ii)** সিটি কর্পোরেশনের মামলাসমূহ আরও দক্ষতা ও বিচক্ষণতার সাথে পরিচালনার জন্য বিজ্ঞ আইন উপদেষ্টাগণকে অনুরোধ করা হলো। **(iii)** সিটি কর্পোরেশনের মামলাসমূহের হালনাগাদ তথ্যসহ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তরে নিয়মিত প্রেরণের জন্য আইন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। |
| (চ) **<u>দৈনিক হাজিরা ভিত্তিক কর্মীদের মজুরি বৃদ্ধি সংক্রান্ত</u>** : সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৬) জনাব মো: আমিনুল ইকরাম জানান, সিটি কর্পোরেশনে কর্মরত ওয়ার্ড সচিবসহ সকল অস্থায়ী কর্মী/শ্রমিক বর্তমান চড়া বাজার পরিস্থিতিতে দৈনিক মজুরীর দৈন্যতায় পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবন-জীবিকা নির্বাহ করছে। সরকারি পরিপত্রের আলোকে এদের দৈনিক মজুরী নির্ধারণের প্রস্তাব করেন। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১২) জনাব কাজী জিয়াউল হক এবং জনাব সরকার মাহমুদ জাবেদ (ওয়ার্ড নং ০৩) এ প্রস্তাবের সাথে একমত পোষণপূর্বক যে উপায়ে হোক সকল অস্থায়ী কর্মীদের মজুরী বাড়ানোর ব্যবস্থা নিতে সভাপতিকে অনুরোধ জানান।<br>এ প্রসঙ্গে প্রধান নির্বাহী কর্মকর্তা জানান, দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরি হার নির্ধারণ সংক্রান্ত অর্থ বিভাগের ১২ অক্টোবর ২০২০ তারিখের একটি আদেশ রয়েছে। এ আদেশে বর্ণিত শর্তাবলির সাথে সিটি কর্পোরেশনের নিয়োজিত দৈনিক হাজিরা ভিত্তিক কর্মী নিয়োগ প্রক্রিয়া সামঞ্জস্যহীন। ফলে তদানুযায়ী মজুরি নির্ধারণের সুযোগ নেই। তাছাড়া চাহিদানুপাতে এখানে নিয়োজিত কর্মীর সংখ্যাও বেশী। তবে বিদ্যমান বাজার পরিস্থিতিতে কর্মীদের মজুরী বাড়ানো যৌক্তিক ও বিবেচনাযোগ্য।<br>সভাপতি বলেন, দৈনিক হাজিরা ভিত্তিক কর্মীর মজুরি নিতান্ত কম বা বাজার পরিস্থিতির সাথে অসামঞ্জস্য- এটি স্বীকার্য। কিন্তু প্রতিষ্ঠানের সক্ষমতার বিষয়টিও বিবেচ্য। বকেয়া রাজস্ব আদায় (হোল্ডিং কর, ট্রেড লাইসেন্স, বিজ্ঞাপন কর, পানির বিল ইত্যাদি) এবং নতুন নতুন আয়ের খাত চিহ্নিত করে আয় বাড়াতে সকলের প্রচেষ্টা জরুরি। পাশাপাশি বিদ্যুৎ ও জ্বালানি ব্যয় সাশ্রয় বা কৃচ্ছ্রতা সাধন এবং অযাচিত ব্যয় পরিহার বাঞ্ছনীয়। এরই মধ্যে বিদ্যমান বাজার পরিস্থিতি এবং প্রতিষ্ঠানের সক্ষমতার সাথে সামঞ্জস্যতার ভিত্তিতে দৈনিক হাজিরা ভিত্তিক কর্মীর মজুরি বৃদ্ধি বা পুন:নির্ধারণের বিষয়ে পরবর্তী সভায় মতামত প্রদানের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ জানান। | ০৬। দৈনিক হাজিরা ভিত্তিক কর্মীদের মজুরি বৃদ্ধির জন্য সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে বিভাগীয় কর্মকর্তাগণের সাথে আলোচনা ও পর্যালোচনাপূর্বক মতামত মেয়র মহোদয়ের নিকট উপস্থাপনের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হলো। |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আরফানুল হক রিফাত
মেয়র
কুমিল্লা সিটি কর্পোরেশন
ফোন: ০২৩৩৪৪০৬০৯৯
ইমেইল: coccbd@gmail.com

সংযোজন পাতা-০৭-

কুমিল্লা সিটি কর্পোরেশনের ২৫/০৭/২০২৩খ্রি: তারিখের মাসিক সভার কার্যবিবরণী

স্মারক নং ৪৬.১৭.১৯.৫০.০১৫.০০.১২৮.২০২২.২০২৬(১০০) তারিখ: ২৫/০৭/২০২৩খ্রি.

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ: উপসচিব, সিটি কর্পোরেশন-১ শাখা)
০২। জনাব/বেগম ................................................................কাউন্সিলর...........নং ওয়ার্ড, কুমিল্লা সিটি কর্পোরেশন
০৩। সচিব, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৪। বিভাগ প্রধান (সকল)................................................................, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৫। আইটি কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা(সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। শাখা প্রধান (সকল)................................................................, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৭। পিএটু মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৮। রেকর্ড কিপার, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা (গার্ড ফাইলে সংরক্ষণের জন্য)
০৯। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল

২৫.০৭.২০২৩

মো: ছামছুল আলম
প্রধান নির্বাহী কর্মকর্তা
কুমিল্লা সিটি কর্পোরেশন
ফোন: ০২৩৩৪৪৩৭১০০
মোবাইল: ০১৭১২ ৭৮৯৭১০
samsul22bcs@gmail.com

কুমিল্লা সিটি কর্পোরেশনের ২৫/০৭/২০২৩খ্রি: তারিখের মাসিক সভার কার্যবিবরণী

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সিটি কর্পোরেশনের কাউন্সিলরবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে):

| ক্রমিক | নাম | পদবী |
|---|---|---|
| ১. | বেগম কাউছারা বেগম | সংরক্ষিত আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০৩ |
| ২. | বেগম নাদিয়া নাসরিন | সংরক্ষিত আসনের কাউন্সিলর |
| ৩. | বেগম উম্মে কুলসুম | ,, |
| ৪. | বেগম নূর জাহান আলম(পুতুল) | ,, |
| ৫. | বেগম নেহার বেগম | ,, |
| ৬. | বেগম তাহমিনা আক্তার | ,, |
| ৭. | বেগম ফারহানা পারভীন | ,, |
| ৮. | বেগম শাহীন আক্তার | ,, |
| ৯. | জনাব কাজী গোলাম কিবরিয়া | সাধারণ আসনের কাউন্সিলর |
| ১০. | জনাব সরকার মাহমুদ জাবেদ | ,, |
| ১১. | জনাব মো: নাছির উদ্দিন নাজিম | ,, |
| ১২. | সৈয়দ রায়হান আহমেদ | ,, |
| ১৩. | জনাব মো: আমিনুল ইকরাম | ,, |
| ১৪. | জনাব আব্দুর রহমান | ,, |
| ১৫. | জনাব মোহাম্মদ একরাম হোসেন | ,, |
| ১৬. | জনাব মো: মনজুর কাদের(মনি) | সাধারণ আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০২ |
| ১৭. | জনাব হাবিবুর আল-আমিন সাদী | সাধারণ আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০১ |
| ১৮. | জনাব কাজী জিয়াউল হক | সাধারণ আসনের কাউন্সিলর |
| ১৯. | জনাব সাইফুল বিন জলিল | ,, |
| ২০. | জনাব মো: জাহাঙ্গীর হোসেন বাবুল | ,, |
| ২১. | জনাব মোহাম্মদ শওকত আকবর | ,, |
| ২২. | জনাব মো: রেজাউল করিম | ,, |
| ২৩. | জনাব মো: আনোয়ার হোসেন | ,, |
| ২৪. | জনাব কাজী মাহবুবুর রহমান | ,, |
| ২৫. | জনাব মো: আজাদ হোসেন | ,, |
| ২৬. | জনাব মো: আনিসুজ্জামান | ,, |
| ২৭. | জনাব মো: মহিবুর রহমান | ,, |
| ২৮. | জনাব মো: এমদাদুউল্লাহ | ,, |
| ২৯. | জনাব মো: আব্দুস সত্তার | ,, |

সভায় উপস্থিত সিটি কর্পোরেশনের কর্মকর্তাবৃন্দ(স্বাক্ষরের ক্রমানুসারে):

| ক্রমিক | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব মো: ছামছুল আলম | প্রধান নিবাহী কর্মকর্তা |
| ২. | জনাব গৌতম প্রসাদ চৌধুরী | প্রধান প্রকৌশলী |
| ৩. | জনাব মো: আবু সায়েম ভূইয়া | সচিব(ভারপ্রাপ্ত) |
| ৪. | জনাব মো: মোস্তাফিজুর রহমান | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ৫. | জনাব মো: মাসুদুর রহমান | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৬. | জনাব মো: মাঈন উদ্দিন চিশতী | নির্বাহী প্রকৌশলী |

(সম্মানিত কাউন্সিলরবৃন্দ এবং কর্মকর্তাদের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষণ করা হচ্ছে)